গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: US Centers for Disease Control and Prevention (US CDC)-এর অর্থায়নে Save the Children-এর সহায়তায় সিটি কর্পোরেশনসমূহে Strengthening Urban Public Health System: Introducing Public Health Epidemiologist in City Corporation শীর্ষক কর্মসূচি বাস্তবায়নে প্রস্তাবিত সমঝোতা স্মারক (MoU) সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | ভার্চুয়াল (Zoom) প্লাটফর্মে |
| তারিখ ও সময় | : | ২০ জুলাই ২০২২, বুধবার, বিকাল ৩.১৫ ঘটিকা |

সভাপতি সভায় ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, US Centers for Disease Control and Prevention (US CDC)-এর অর্থায়নে Save the Children-এর সহায়তায় সিটি কর্পোরেশনসমূহে Strengthening Urban Public Health System: Introducing Public Health Epidemiologist in City Corporation শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (MoU) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে প্রেরণ করা হয়েছে। Save the Children হতে উক্ত কর্মসূচির আওতায় প্রত্যেক সিটি কর্পোরেশনে কমপক্ষে একজন দক্ষ রোগতত্ত্ববিদ সৃজনের একটি প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য এ বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকীকে অনুরোধ জানান।

১.২ জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী, অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) সভাকে জানান, US Centers for Disease Control and Prevention (US CDC)-এর অর্থায়নে Save the Children এর সহায়তায় সিটি কর্পোরেশনসমূহে Strengthening Urban Public Health System: Introducing Public Health Epidemiologist in City Corporation শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (MoU) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে প্রেরণ করা হয়। উক্ত সমঝোতা স্মারক (MoU)টির উপর মতামত প্রদানের জন্য সকল সিটি কর্পোরেশনে প্রেরণ করা হয় এবং কতিপয় সিটি কর্পোরেশন হতে মতামত পাওয়া গেছে। বিভিন্ন সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে উক্ত খসড়া সমঝোতা স্মারক (MoU)টি সংশোধন/পর্যালোচনার লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU)টি উপস্থাপনের জন্য মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে অনুরোধ করেন।

১.৩ মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব (সিটি কর্পোরেশন-১) সভাকে জানান, সিটি কর্পোরেশনসমূহের স্বাস্থ্য খাতে উন্নয়নের লক্ষ্যে "Public Health Epidemiologist in City Corporation Heath System, 2020-21: A COVID Response Project of US CDC" শীর্ষক কর্মসূচি বাস্তবায়নসহ ১২টি সিটি কর্পোরেশনে ১২টি জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদ সৃজনের ব্যবস্থা গ্রহণের জন্য US Centers for Disease Control and Prevention (US CDC)-এর Department of Health & Human Services এ বিভাগে একটি প্রস্তাব প্রেরণ করে। সিটি

কর্পোরেশনসমূহের সাংগঠনিক কাঠামোতে জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদ সৃজনের প্রস্তাব প্রেরণের জন্য সিটি কর্পোরেশনসমূহকে অনুরোধ করা হয় এবং US CDC এর প্রস্তাবিত কর্মসূচিটি সিটি কর্পোরেশনসমূহে বাস্তবায়নের সম্মতি (Concurrence) জ্ঞাপন করা হয়। পরবর্তীতে তিনি বিভিন্ন সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত মতামতসহ খসড়া সমঝোতা স্মারক (MoU)টি সভায় উপস্থাপন করেন।

১.৪ জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) সভাকে জানান, সিটি কর্পোরেশনগুলোতে জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) প্রয়োজন কিনা সেবিষয়টি নিশ্চিত হতে হবে। প্রস্তাবিত কর্মসূচির আওতায় US CDC এর পক্ষ হতে সিটি কর্পোরেশনের ০১ (এক) বছর মেয়াদে ০১ (এক) জন জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) প্রদান করা হবে এবং সিটি কর্পোরেশনসমূহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে ট্রেনিং প্রদান করবে। রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদটি সৃজনের জন্য সিটি কর্পোরেশনসমূহকে এ বিভাগ হতে অনুরোধ করা হলে শুধুমাত্র খুলনা সিটি কর্পোরেশন হতে উক্ত পদটি সৃজনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সাংগঠনিক কাঠামোতে স্বাস্থ্য বিভাগের কাঠামো কিভাবে হবে তা জানানোর জন্য সিটি কর্পোরেশনসমূহ এবং আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রকল্পের আওতায় ১৩টি পৌরসভাকে পত্র দেয়া হয়েছে। সিটি কর্পোরেশনসমূহের সাংগঠনিক কাঠামোতে স্বাস্থ্য বিভাগের কাঠামোতে কি পরিমাণ জনবল রয়েছে সে বিষয়েও জানা প্রয়োজন।

১.৫ জনাব ফরিদ আহাম্মদ (অতিরিক্ত সচিব), প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সভাকে জানান, সমঝোতা স্মারক (MoU)টি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের লিগ্যাল এ্যাডভাইজারের মতামতের ভিত্তিতে সংশোধন করা হয়েছে। উক্ত সমঝোতা স্মারক (MoU)টি মূলত Save the Children কর্তৃক প্রস্তুত করা হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত হাসপাতালসমূহে শুধুমাত্র প্রাথমিক স্বাস্থ্য সেবা দেয়া হয়। বর্তমান প্রেক্ষাপটে জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদটি সৃজনের চেয়েও মেডিক্যাল অফিসার পদ সৃজন করা জরুরী। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের হাসপাতালসমূহে মেডিকেল অফিসার স্বাস্থ্য মন্ত্রণালয় হতে প্রেষণে পদায়ন করা হয়ে থাকে যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদটি সৃজন করা সময় সাপেক্ষ। তবে ০১(এক) বছরের জন্য কর্মকর্তা প্রদান করা হলে কিছু উপকার হবে। ঢাকা স্বাস্থ্য সেবা বিভাগ ও স্থানীয় সরকার বিভাগের কাজ এক নয়। তবে উক্ত পদটি স্বাস্থ্য সেবা বিভাগের সাথে সম্পৃক্ত রয়েছে বিধায় বিষয়টি আরও খতিয়ে দেখা প্রয়োজন।

১.৬ ব্রিগেঃ জেনাঃ মোঃ জোবায়দুর রহমান, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভাকে জানান, Save the Children হতে প্রাপ্ত সমঝোতা স্মারক (MoU)টি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন তথ্য উপাত্তসহ জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রমে দক্ষতা বৃদ্ধির জন্য জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদটি খুবই জরুরী। গত তিন বছরে কোভিড ও কলেরা হয়েছে যা নগরবাসীকে অনেক ভূগিয়েছে। ডিজিস সার্ভেলিং, ডিজিস পার্ভেলিং এর ডাটার জন্য স্বাস্থ্য অধিদপ্তর ও আইসিডিআর উপর নির্ভর করতে হয়। আমাদের প্রাইমারী কোন ডাটা নেই। এ কাজটা জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ করতে পারবে। সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধির জন্য জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ পদ সৃজন করা জরুরী।

১.৭ ড. সফিকুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন সভাকে জানান, কুমিল্লা সিটি কর্পোরেশনের অর্গানোগ্রামে মেডিকেল অফিসার খুবই কম। Save the Children হতে নিয়োগকৃত জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) কুমিল্লা সিটি কর্পোরেশনের কয়েকটি ওয়ার্ডে কাজ করছেন। উক্ত প্রকল্প হতে যে সহায়তা করা হচ্ছে তা তাদের রাজস্ব তহবিল হতে করা সম্ভব।

১.৮ লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব), খুলনা সিটি কর্পোরেশন সভাকে জানান, Save the Children হতে জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) নিয়োগ করা হয়েছে। তিনি খুলনা সিটি কর্পোরেশনে অবস্থান করে জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদের কার্যক্রম করছেন। উক্ত সিটি কর্পোরেশনে জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) ০১(এক) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলে কোন সমস্যা হবে না মর্মে তিনি জানান।

১.৯ সভাপতি বলেন, Allocation of Business অনুযায়ী প্রস্তাবিত জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদটি সিটি কর্পোরেশনে সৃজন করা হলে স্বাস্থ্য সেবা বিভাগের সাথে কোন সমস্যা সৃষ্টি হবে কিনা তা দেখা প্রয়োজন। এছাড়া উক্ত জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) সিটি কর্পোরেশনের প্রয়োজনীয়তা রয়েছে কিনা তাও জানা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনে স্বাস্থ্য সেবা বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহকে নিয়ে আন্ত:মন্ত্রণালয় সভার মাধ্যমে প্রস্তাবিত জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদ সৃজনের যৌক্তিকতা ও সিটি কর্পোরেশনসমূহের সক্ষমতা জেনে সমঝোতা স্মারক স্বাক্ষর করা যেতে পারে।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | ০১(এক) বছরের জন্য সংশোধিত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের পূর্বে সিটি কর্পোরেশনসমূহের স্বাস্থ্য সেবা সম্পর্কিত কর্মপরিধি (TOR) নির্ধারণ করতে হবে। | ১. স্থানীয় সরকার বিভাগ<br>২. সিটি কর্পোরেশন (সকল) |
| ২.১ | জনস্বাস্থ্য রোগতত্ত্ববিদ (Public Health Epidemiologist) পদ সৃজনের যৌক্তিকতা ও সক্ষমতা সম্পর্কিত স্বাস্থ্য সেবা বিভাগ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন করতে হবে। | ১. স্থানীয় সরকার বিভাগ (নগর উন্নয়ন অনুবিভাগ)<br>২. স্বাস্থ্য সেবা বিভাগ<br>৩.সিটি কর্পোরেশন (সকল) |

৩। পরিশেষে সভাপতি অদ্যকার সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০১ আগস্ট ২০২২ খ্রি.
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
স্থানীয় সরকার বিভাগ।

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৪.২০(অংশ-১)-৮৯৮/১(২২) তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯ / ০২ আগস্ট ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

(১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, .............................. সিটি কর্পোরেশন (সকল)।
(৪) যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/পলিসি সাপোর্ট/আইন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা,...................................... সিটি কর্পোরেশন (সকল)।
(৭) মেয়রের একান্ত সচিব, ........................... সিটি কর্পোরেশন (সকল) [মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য]
(৮) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
(৯) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
(১০) অফিস কপি।

02.08.2022

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd